# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে ০১(এক)টি শূন্য গবেষণা কর্মকর্তা-এর পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে অবশ্যই এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানে ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর পাশ হতে হবে। সরকারি ও সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার সনদসমূহ (যদি থাকে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ হতে স্নাতক(সম্মান)সহ স্নাতকোত্তর পাশ এবং গবেষণা কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

নির্বাচিত প্রার্থীকে কেন্দ্রের সামগ্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা-ফিল্ড ওয়ার্ক, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ, গবেষণা প্রতিবেদন তৈরি, গবেষণা-সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়ন এবং সভা-সেমিনার ইত্যাদি আয়োজনে সক্রিয় ভূমিকা রাখতে হবে। কেন্দ্রের গবেষণা জার্নালের জন্য প্রবন্ধ সংগ্রহ কার্যক্রম পরিচালনা ও জার্নাল প্রকাশনা কার্যক্রমে ভূমিকা পালন করতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনা (MS Office Package, বাংলা টাইপিং), ওয়েবসাইট ব্যবস্থাপনা ও পরিচালনা, ডিজিটাল আর্কাইভ সংরক্ষণ, অনলাইন যোগাযোগ ইত্যাদি বিষয়ে দক্ষ হতে হবে। উক্ত পদের জন্য প্রার্থীকে অবশ্যই গবেষণা সংক্রান্ত আর্থিক তহবিল ব্যবস্থাপনা, ব্যাংক হিসাব ব্যবস্থাপনা, গবেষণা সংক্রান্ত ক্রয় ও আয়-ব্যয় কার্যক্রম পরিচালনা, আর্থিক রেকর্ড সংরক্ষণ, বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রস্তুত ইত্যাদি কাজে পারদর্শী হতে হবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী **০৩-০২-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।